

**বাইড-এ ডিগ্রী কোর্স**

**চালু করা হোক**

বর্তমান বিশ্বের অনেক উন্নত এবং উন্নয়নশীল দেশ উন্নত বিশ্ববিদ্যালয় স্থাপন করে ডাকযোগে দূরশিক্ষণের মাধ্যমে স্বল্প ও কম খরচে রাষ্ট্রীয় বিশ্ববিদ্যালয়ের মত ডিগ্রীধারী শিক্ষিত লোক তৈরী করতে সক্ষম হয়েছে। অতি সাম্প্রতিক মনওয়েলথ শিক্ষা সম্মেলন শেষে দেশে ফিরে আনাদের শিক্ষামন্ত্রী মনওয়েলথ দেশসমূহে একটি উন্নত বিশ্ববিদ্যালয় স্থাপন হতে যাচ্ছে বলে আভাস দিয়েছেন। নিঃসন্দেহে বিষয়টি দূর শিক্ষণ শিক্ষার্থীদের জন্য একটি সুখবর। সাম্প্রতিক বাংলাদেশ সরকারের শিক্ষামন্ত্রণালয় বাইড (বাংলাদেশ ইনস্টিটিউট অব ডিস্ট্যান্স এডুকেশন)-এর মাধ্যমে দেশের অপ্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকদের বি-এড কোর্স সাফল্যের সাথে সম্পন্ন করতে সক্ষম হয়েছেন। সুতরাং উল্লিখিত শিক্ষা কার্যক্রমের উপর ভিত্তি করে বাইড এ দূর শিক্ষণে আই এ ও বি এ কোর্স চালু করলে তাতেও যে সাফল্য আসবে তা নিঃসন্দেহে (২-এর পাতায় দেখুন)

**চিঠিপত্র**

**(৪র্থ পাতায় পর)**

বলা চলে। আমাদের মত দরিদ্র দেশে অনেকেই মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাক্রম শেষে উচ্চ শিক্ষা গ্রহণের ইচ্ছা থাকলেও অর্থনৈতিক ও বিভিন্ন কারণে আর পড়াশুনা করতে পারেন না। তাছাড়া অনেক কর্মজীবী মহিলা-পুরুষ উচ্চ শিক্ষার ইচ্ছা থাকলেও সুযোগ ও সময়ের অপেক্ষায় শিক্ষা লাভ করতে পারেন না। এমতাবস্থায় বাংলাদেশ ইনস্টিটিউট অব ডিস্ট্যান্স এডুকেশন বা বাইড-এ যদি কেবল আই এ ও বি এ কোর্স চালু করে তাহলে বহু শিক্ষার্থী শিক্ষা গ্রহণে সক্ষম হতে পারে। এতে করে শিক্ষার প্রসার ও শিক্ষিত লোকের সংখ্যা আরও বাড়বে। তাই শিক্ষামন্ত্রী ও শিক্ষামন্ত্রণালয়ের প্রতি অনুরোধ, বাইড এ অনতিবিলম্বে ডিগ্রী কোর্স চালু করা হোক।

মহীউদ্দিন খান  
কটিয়াদী, কিশোরগঞ্জ।

**পাঠ্যপুস্তকে ভুল তথ্য**

**সরবরাহ প্রসঙ্গে**

জাতীয় শিক্ষাক্রম ও টেক্সট বুক বোর্ড কর্তৃক প্রকাশিত ১৯৮৭ শিক্ষাবছরের জন্য পঞ্চম শ্রেণীর পাঠ্যপুস্তকরূপে নির্ধারিত 'পরিবেশ পরিচিতি বিজ্ঞান' বইয়ের ৪৪ নং পৃষ্ঠায় পৃষ্ঠ প্রতিধ্বনি শোনার শর্ত হিসেবে বলা হয়েছে-দালান, দেয়াল প্রভৃতি এবং শব্দের উৎসের মধ্যে দূরত্বের ব্যবধান হবে  $3 \times 30$  মিটার বা ৩৩ মিটার। পুস্তকটির রচনার, সম্পাদনায় ও পরিমার্জনে যে সকল বিজ্ঞান জন রয়েছেন তারা নিশ্চয়ই জানেন যে, প্রতিধ্বনি শোনার জন্য মূল শব্দকে প্রতিফলক পৃষ্ঠ পর্যন্ত যেয়ে সেখান হতে আবার শ্রোতার নিকট ফিরে আসতে হয়। অর্থাৎ একে শব্দের উৎস ও প্রতিফলকের মধ্যবর্তী দূরত্বকে দু'বার অতিক্রম করতে হয়। সুতরাং একে শব্দের উৎস ও প্রতিফলকের মধ্যবর্তী দূরত্ব হবে  $\frac{10}{2}$  মিটার বা ১৬ মিটার। জেনে শুনে এরকম ভুল তথ্য সরবরাহের কারণ কি হতে পারে? এ ব্যাপারে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করছি এবং বিষয়টি আর একবার ভেবে দেখার জন্য কত পক্ষের নিকট অনুরোধ জ্ঞাপন করছি।

সমরেন্দ্র নাথ দাস (শিক্ষক)  
শিবীন হক মাধ্যমিক বালিকা  
বিদ্যালয়, ফকিরহাট, বাগেরহাট।

**প্রসঙ্গ : কেন্দ্রীয় পাবলিক**

**লাইব্রেরীর সময়সীমা**

পাবলিক লাইব্রেরীর সময়সীমা আরও বাড়ানো হোক-এ সম্পর্কিত গত ২রা আশ্বিন 'সংবাদ'-এ প্রকাশিত চিঠিটা সমর্থন করছি। আরও বহুসংখ্যক পাঠক কেন্দ্রীয় পাবলিক লাইব্রেরী থেকে উপকৃত হতে পারেন। বিশেষতঃ কর্মজীবী লোকেরা যারা বিকেল-সন্ধ্যা পর্যন্ত ব্যস্ত থাকেন, তাদের পাঠ্যপুস্তক নিটানোর জন্য প্রতিদিন রাত দশটা পর্যন্ত কেন্দ্রীয় পাবলিক লাইব্রেরীর সময়সীমা নির্ধারণ করা প্রয়োজন।

বিশেষ ব্যবস্থার সাপ্তাহিক ছুটির দিন শুক্রবার সকাল ৮টা থেকে রাত ১০টা পর্যন্ত কেন্দ্রীয় পাবলিক লাইব্রেরী খোলা রেখে বহু পাঠকের প্রয়োজনীয়তা মিটিয়ে পাবলিক লাইব্রেরী নামের স্বার্থকতা আরও বিস্তৃত করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট আবেদন রাখছি।

গোলাম কিবরিয়া পিন-  
৩৮০, জলবাগ, ঢাকা।

**দূর শিক্ষণের নামে**

**প্রতারণা প্রসঙ্গে**

বিগত ১৫ই সেপ্টেম্বর/৮৭ তারিখের দৈনিক সংবাদ-এর চিঠিপত্র কলামে বেড়াবাজার, পাবনার জনাব শাহানশাহ গংদের বক্তব্য দি মতায় হয়ে থাকে তবে তা আমাদের জন্য গুরুতর দুর্ভাগ্যজনক। কারণ, আমরা অনেকেই ইতিমধ্যেই উক্ত করেশপওয়েন্স কলেজের মাধ্যমে লেখাপড়া চালিয়ে যাচ্ছি। বিভিন্ন সময়ে দৈনিক পত্র-পত্রিকায় ফলাও করে নিজের অস্তিত্ব, সরকারী অনুমোদন, নম্বর ও উদ্দেশ্য প্রকাশকারী একটি শিক্ষা সংস্থা এমনিভাবে প্রতারণা হতে পারবে তা ভাবতেও অস্বাভাবিক লাগছে।

অতএব, একটি অনিবার্য পরিণতির হাত থেকে দেশের উচ্চাভিলাষী ছাত্রছাত্রীদের ভবিষ্যৎ রক্ষা করার জন্য সরকারের সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের আন্তঃসংস্থ কামিনা করছি এবং সেই সাথে ঘটনার সত্যতা সম্বন্ধে সেন্ট্রাল কলেজ, নাটোর, রাজশাহীর প্রতিক্রিয়ার অপেক্ষা করছি।

মোঃ শহিদ উদ্দিন, ব্যবস্থাপক  
সোনালী ব্যাংক, শিবপুর উপজেলা  
শাখা নবগিঃনী।